

## দেশে-বিদেশে

আফগানিস্তান ভৌগোলিকভাবে একটি দেশ  
হলেও তার বিভিন্ন উপজাতি, ভাষা-উপভাষা এবং  
বৈচিত্র্যে তা কয়েকটি দেশকে হার মানাতে পারে।  
তাই বইটির নাম বহুবচনে রাখা না হলে যেন  
দেশটির প্রতি অবিচার করা হত।

পত্রপত্রিকা পড়ে মনে হতেই পারে যে  
আফগানিস্তান দেশটি মরুময়, প্রাণহীন, রসহীন,  
যেখানে আছে কেবল যুদ্ধবিগ্রহ আর হানাহানি।  
কিন্তু একজন লেখক যেখানে ভ্রমণ করেন  
সেখানের বালি, পাথর, কাদা সবকিছুতেই তার  
অতিসূক্ষ্ম নজর থাকে। সে অঞ্চলের ভৌগোলিক  
ও সামাজিক নিদর্শনগুলো থেকে যদি কোনো রস  
বা সৌন্দর্য আহরণ করতে না পারেন তবে তা তার  
হৃদয়ের দীনতা এবং একজন লেখকের অন্তরে  
এই ধরনের দীনতা থাকলে তিনি কোনো লেখকই  
নন। আমাদের সৌভাগ্য, সৈয়দ মুজতবা আলীর  
মত উঁচুমানের সাহিত্যিক আফগানিস্তান ভ্রমণ  
করেছিলেন। তাই এই রুম্ব দেশটির মাঝের যে  
চাঞ্চল্য, যে জীবনযাত্রা তার যথাযথ মর্যাদা এই  
রসময় লেখায় ফুটে উঠেছে, এই মরুর দেশটিও  
তার ভাষার মাধুর্যে মধুর মতো হয়ে উঠেছে।